৮৭

যুগান্তর

তারিখ SEP 2 2 2006

পৃষ্ঠা ১৮ কলাম ২

# শাবি'র ৬ হাজার শিক্ষার্থীর ভাগ্য সরকারের হাতে

সিলেট ব্যুরো

শাহজালাল বিশ্ববিদ্যালয়ের সাড়ে ৬ হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যৎ এখন সরকারের হাতে। দীর্ঘ প্রায় সাড়ে ৪ মাসের অচলাবস্থা আপাতত সরকার ছাড়া আর কারও পক্ষে নিরসন করা সম্ভব হচ্ছে না। এমনই অভিমত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী এবং সুধী মহলের। এরই মধ্যে শাবিতে ভিসি নিয়োগ নিয়ে নানা জল্পনা-কল্পনা শুরু হয়েছে। ভিসিকে কেন্দ্র করে শিক্ষক সমিতির কার্যকরী সদস্যদের বিতর্কিত ভূমিকায় প্রগতিশীল শিক্ষকরা আগামী রোববার সমিতির সভা বর্জন করবেন বলে জানা গেছে। ভিসিপন্থী শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের দুর্নীতির শ্বেতপত্র প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের সৎ, নিষ্ঠাবান শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা। গত ১৯ সেপ্টেম্বর ছাত্রছাত্রীদের ওপর ভিসিপন্থী শিক্ষকদের হামলার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ অব্যাহত রয়েছে। সিলেটের অভিভাবক ও সুধী মহল শাবির ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন। অচলাবস্থা নিরসন করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণ এবং অবিলম্বে ক্লাস চালুর দাবিতে বৃহস্পতিবার শহরে সিলেট জেলা বারের সাবেক সভাপতি আজিজুল মালিক চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রফেসর এম আতাউর রহমান পীর, ড. কবির চৌধুরী, আতাউর রহমান জায়গীরদার, ড. বিলকিস সুলতানা, ডা. রাশিদুল হাসান, উপাধ্যক্ষ নীলকান্ত দে, শিক্ষাবিদ গ.ক.ম আলমগীর, রক্তকান্তি ভট্টাচার্য, মনিরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। ভাগ্য : পৃষ্ঠা ১৫ : কলাম ৪

## ভাগ্য : শিক্ষার্থীর

বক্তারা বিশ্ববিদ্যালয় রক্ষায় সংশ্লিষ্ট
সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।
বিশ্ববিদ্যালয়ে বর্তমান ভিসি ড. মুসলেহউদ্দিন
আহমদের গ্রহণযোগ্যতা সর্বনিম্ন পর্যায়ে এসে
পৌঁছায় নতুন ভিসি নিয়োগ নিয়ে ব্যাপক
আলোচনা হচ্ছে। জানা যায়, অর্থ ও
পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমান দেশের
বাইরে থাকায় এতদিন ধরে ভিসি পদে
নিয়োগের বিষয়টি ঝুলে ছিল। কিন্তু গত বুধবার
তিনি দেশে ফেরায় এখন সে আলোচনা
নকটা প্রকাশ্যে চলে এসেছে। এতে ঢাকা
বিদ্যালয়ের ৩ জন অধ্যাপক এবং শাবির
জন অধ্যাপকের নাম শোনা যাচ্ছে। তবে
ন্সেলর কর্তৃক ঘোষণার পরই বোঝা যাবে কে
ছেন শাবিপ্রবির নতুন ভিসি।

### শিক্ষকদের বিরোধ চরমে

র্কিত ভিসিকে নিয়ে বিএনপি-জামায়াত এবং
-আওয়ামী লীগপন্থী শিক্ষকদের বিরোধ
মে উঠেছে। তেমনি বিশ্ববিদ্যালয়ের
লাবস্থায় প্রকাশ্যে দুর্নীতিবাজ ও স্বেচ্ছাচারী
সির পক্ষ নেয়ায় জামায়াত-বিএনপিপন্থী
ক্ষকদের মধ্যে ফাটল ধরেছে। এ ধারার সৎ
নিষ্ঠাবান শিক্ষকরা ভিসির অনৈতিক কর্মকাণ্ডে
জদের দলীয় সভায় সহকর্মীদের প্রতি ক্ষোভ
খিয়েছেন। পাশাপাশি শিক্ষক সমিতির
র্যকরী সদস্যদের ভিসি রক্ষার তৎপরতায়
ক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকরা আগামী
ববারের সভা বর্জন করছেন বলে জানা
ছে। এ ব্যাপারে এ ধারার আহ্বায়ক ড. মোঃ
খতারুল ইসলাম জানান, 'সমিতির নির্বাচিত
স্যরা বিশ্ববিদ্যালয়ের স্বার্থ রক্ষায় অপারগ।
দের ভূমিকার কারণেই শিক্ষকদের সমিতির
র্যকরী সদস্যদের প্রতি আস্থা কমে গেছে।
ই এ মুহূর্তে সভা না হওয়াই ভালো।'

### দুর্নীতির শ্বেতপত্র

তীয়বারের মতো শাবিতে দুর্নীতির শ্বেতপত্র
কাশিত হয়েছে। তবে এবার ভিসিকে বাদ
য় ভিসির দুর্নীতির অংশীদার শিক্ষক ও
কর্তাদের নামে তা প্রকাশ পেয়েছে।
বিদ্যালয়ের সৎ ও নিষ্ঠাবান শিক্ষক, কর্মকর্তা
কর্মচারীদের ব্যানারে প্রক্টর সাজেদুল করিম,
কারী প্রক্টর ড. আশরাফ উদ্দিন, প্রভোস্ট ড.
বাল, প্রফেসর এম হাবিবুল আহসান,
ন্ডিকেট সদস্য শফিকুর রহমান চৌধুরী,
ক্ষক সমিতির সভাপতি ড. মোস্তফা হাসান,
ফসার্স এসোসিয়েশনের সভাপতি জয়নাল
লাম, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক
কুল ইসলামের নামে বিশদভাবে দুর্নীতি,
-স্ত্রীকে চাকরি প্রদান, তছরুপ, অবৈধ
নদেন এবং তাদের সাঙ্গপাঙ্গদের অনৈতিক
ধাদির কথা শ্বেতপত্রে তুলে ধরা হয়।

### ঢাকায় আজ অবস্থান ধর্মঘট

জ ঢাকা কেন্দ্রীয় শহীদ মিনারে সাধারণ
ার্থীদের অবস্থান ধর্মঘটে নতুন কর্মসূচি
ষণা করা হবে। ইতিমধ্যে ছাত্রছাত্রীরা
ক্ষকদের হামলায় ভিসির অপসারণ, প্রক্টর
জেদুল করিমকে প্রক্টর পদসহ সব পদ থেকে
সারণ, ক্যাম্পাস চালু ও শামীম হত্যার
র চেয়েছে। আজ ঢাবি, শাবি, জাবির বিভিন্ন
ঠন এবং অভিভাবকরা এসব দাবির সঙ্গে
তি প্রকাশ করবেন বলে ছাত্রছাত্রীরা জানায়।